গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
www.fid.gov.bd

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা (APA) বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : এ.বি.এম রুহুল আজাদ, অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
স্থান : অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩৩১), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
তারিখ ও সময় : ২৫ মার্চ ২০১৯, দুপুর ০২:৩০টা
সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি সরকারের SDG লক্ষ্যমাত্রা বাস্তবায়নে করণীয় দিক এবং এ বিভাগের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের ও আওতাধীন দপ্তর/সংস্থার স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নিয়ে আলোচনা করেন। এছাড়া ২০১৯-২০ অর্থবছরের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন চুক্তি সম্পাদনকারী ১৭টি দপ্তর/সংস্থাসহ ৩টি রেগুলেটরি অথরিটি, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আলোচনা করা হয়। সভায় এ বিভাগের এপিএ টিম পুনর্গঠন এবং এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর ত্রৈমাসিক/ষান্মাসিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিশদ আলোচনা হয়।

আলোচ্যসূচি ১. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এপিএ টিম পুনর্গঠন:

আলোচনা: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বর্তমান টিমে এপিএ টিম প্রধান ও সরাসরি কার্যক্রমের সাথে সম্পৃক্ত ৬ জন কর্মকর্তা রয়েছে। তন্মধ্যে জনাব মো: মনিরুল ইসলাম, উপসচিব এ বিভাগ হতে অন্যত্র বদলি হয়েছেন। এছাড়াও পুঁজিবাজার সংশ্লিষ্ট কর্মকর্তা বিদ্যমান টিমে অন্তর্ভুক্ত হওয়া প্রয়োজন। তাড়াছা এপিএ টিমের কার্যপরিধিও উল্লেখ থাকা প্রয়োজন।

সিদ্ধান্ত: কার্যপরিধি উল্লেখপূর্বক বর্তমান টিমের কর্মকর্তাগণকে বহাল রেখে জনাব রুখসানা হাসিন, যুগ্মসচিব, জনাব মোঃ জেহাদ উদ্দিন, উপসচিব এবং জনাব মোহাম্মদ এনামুল হক, উপসচিবকে এপিএ টিমে অন্তর্ভুক্ত করে নিম্নরূপ কার্যপরিধি উল্লেখপূর্বক টিম পুনর্গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

এপিএ টিমের কার্যপরিধি নিম্নরূপ:

ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও হালনাগাদকরণ;
খ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন এবং এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয় তদারকি, পরিবীক্ষণ ও সমন্বয় সাধন;
গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও অন্যান্য সংস্থার সঙ্গে যোগাযোগ, সমন্বয় সাধন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণ;
ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিষয়ে কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা উন্নয়ন;
ঙ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত টিম মাসে অন্তত একবার সভায় মিলিত হবেন এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপারিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিটে প্রেরণ করবেন; এবং
চ) টিমটি এতদসংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত ও মনিটরিং করার লক্ষ্যে নতুন সদস্য কো-অপ্ট করে একাধিক সাব-টিম গঠন করতে পারবে;
ছ) গঠিত টিমের যাবতীয় কার্যক্রম প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ হতে গৃহীত হবে।

[বাস্তবায়নে: উপসচিব, প্রশাসন ও কল্যাণ শাখা]

আলোচ্যসূচি ২. এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর ত্রৈমাসিক (জুলাই-ডিসেম্বর ২০১৮) বাস্তবায়ন অগ্রগতি:

আলোচনা: সভায় অবহিত করা হয় যে, বিগত ২০১৭-১৮ অর্থবছরে এ বিভাগ এপিএ এর কার্যকর বাস্তবায়নে ৭০.৩৮% নম্বর অর্জন করে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর ত্রৈমাসিক অর্জন পর্যালোচনায় দেখা যায়, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে এ বিভাগের পক্ষ থেকে বিশেষ তৎপরতা গ্রহণ করা প্রয়োজন এবং ২০১৮-১৯ অর্থবছরে অর্জিতব্য প্রতিটি কার্যক্রমের (পরিশিষ্ট-খ)

বিপরীতে ত্রৈমাসিক ভিত্তিতে প্রকৃত অর্জনের তথ্য ও প্রমাণকসহ নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের বিষয়ে গুরুত্বারোপ করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ক্ষেত্রে ভবিষ্যতে এ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের বাস্তবভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং যে সকল সূচকের অগ্রগতি সন্তোষজনক নয় সেগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথভাবে অর্জনের লক্ষ্যে এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগের পক্ষ থেকে যথাযথ কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য জরুরিভিত্তিতে পত্র প্রেরণ করতে হবে। এছাড়া সংস্থাসমূহের এপিএ সংক্রান্ত কার্যাবলি যথাযথভাবে অনুসরণের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

[বাস্তবায়নে: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগ]

আলোচ্যসূচি ৩ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে রেগুলেটরি সংস্থার এপিএ চুক্তি সম্পাদন:

আলোচনা: মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অন্য তিনটি রেগুলেটরি অথরিটি যথাক্রমে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশিন এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়াধীন সংস্থার সঙ্গে তাদের নিয়ন্ত্রণাধীন রেগুলেটরি অথরিটির চুক্তির বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। তথ্য যাচাই করে জানা যায় অধিকাংশ রেগুলেটরি অথরিটি তাদের নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেনি। মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন শাখা হতেও অনুরূপ তথ্য জানা যায়। এ বিষয়ে এপিএ সংক্রান্ত জাতীয় কমিটিতে আলোচনার ফলাফল প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত: জাতীয় কমিটির সিদ্ধান্তের আলোকে এ বিভাগের আওতাধীন রেগুলেটরি বডিগুলির সাথে চুক্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপসচিব, বাজেট ও সদস্য এপিএ টিম বিষয়টি তদারকিক্রমে ব্যবস্থা গ্রহণ করবেন।

[বাস্তবায়নে: উপসচিব, বাজেট ও সদস্য, এপিএ টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ]

আলোচ্যসূচি ৪ বিবিধ:

সভায় বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সভাপতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখ্য কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। প্রত্যেকটি সূচকের বিপরীতে কতটুকু অগ্রগতি অর্জিত হয়েছে তা পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করা হয়।	কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। পাশাপাশি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	এপিএ টিম, এবং সংশ্লিষ্ট শাখা/অধিশাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
২.	সরকারের এসডিজি ও উন্নয়নমূলক কার্যক্রম ১০০% বাস্তবায়নের নিমিত্ত এ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন যেসকল বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাজেটে ধরা আছে তা নির্ধারিত অর্থবছরের মধ্যে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন।	সরকারের এসডিজি ও উন্নয়নমূলক কার্যক্রম ১০০% বাস্তবায়নের নিমিত্ত এ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন যেসকল বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাজেটে ধরা আছে তা নির্ধারিত অর্থবছরের মধ্যে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।	প্রকল্প অধিশাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৩.	কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখ্য নিম্নবর্ণিত সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখ করা প্রয়োজনঃ [১.১.১], [১.১.২], [১.১.৩], [১.১.৪], [১.২.১], [১.২.২], [১.২.৩], [১.২.৪], ১.৩.১], [১.৪.১], [১.৫.৩], [২.১.১], [২.২.১], [২.৩.১], [৩.১.১], [৩.২.১], ৩.৪.২] এবং [M ১.১]	উল্লিখিত সূচকসমূহের অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা/অধিশাখাকে অগ্রগতি জানানোর জন্য অনুরোধ করা যেতে পারে।	এপিএ সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

৪.	এপিএ সংশ্লিষ্ট যে সকল কার্যক্রম বাস্তবায়নে অগ্রগতি কম সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস/ দপ্তর/ সংস্থাকে জরুরিভিত্তিতে পত্র দিতে হবে। এপিএ অগ্রগতির বিষয়ে এ বিভাগের অনুবিভাগ প্রধানগণকে তাঁর নিজ অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা প্রয়োজন।	এপিএ সংশ্লিষ্ট যে সকল কার্যক্রম বাস্তবায়নে অগ্রগতি কম সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস/ দপ্তর/ সংস্থাকে জরুরিভিত্তিতে পত্র দিতে হবে। এপিএ অগ্রগতির বিষয়ে এ বিভাগের অনুবিভাগ প্রধানগণকে তাঁর নিজ অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে।	অতিরিক্ত সচিব (সকল) ও এপিএ টিম এবং সংশ্লিষ্ট শাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

পরিশেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ.বি.এম রুহুল আজাদ)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
এপিএ টিম প্রধান
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

নম্বর: ৫৩.০০.০০০০.২১২.২০.০০৬.১৯-৩১ তারিখ: ৩১.০৩.২০১৯

বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৫। সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৩। প্রোগ্রামার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-ওয়েবসাইটের কর্মসম্পাদন ব্যবস্থাপনা>প্রজ্ঞাপন/পরিপত্র/নীতিমালা ও এপিএ টিম অংশে প্রদর্শনের অনুরোধসহ।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) এর ব্যক্তিগত কমকর্তা।

(মোহাম্মদ এনামুল হক)
উপসচিব

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম-সম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯		অর্জন (জুলাই-ডিসেম্বর, ২০১৮)	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত শাখা
				অসাধারণ	অতি উত্তম		
				১০০%	৯০%		
[১.১] হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আইনের চূড়ান্ত খসড়া প্রণয়ন	[১.১.১] মন্ত্রিপরিষদ বিভাগের আন্তমন্ত্রণালয় কমিটিতে প্রেরিত	তারিখ	১	১৫.০৪.১৯	১৮.০৪.১৯		বিশেষায়িত ব্যাংক শাখা
	[১.১.২] মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য প্রেরিত	তারিখ	১	৩০.০৪.১৯	১৫.০৫.১৯		বিশেষায়িত ব্যাংক শাখা
	[১.১.৩] ভেটিং এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরিত	তারিখ	১	১৬.০৫.১৯	২২.০৫.১৯		বিশেষায়িত ব্যাংক শাখা
	[১.১.৪] মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরিত	তারিখ	১	১২.০৬.১৯	১৬.০৬.১৯		বিশেষায়িত ব্যাংক শাখা
[১.২] ফাইন্যান্স কোম্পানি আইনের চূড়ান্ত খসড়া প্রণয়ন	[১.২.১] মন্ত্রিপরিষদ বিভাগের আন্তমন্ত্রণালয় কমিটিতে প্রেরিত	তারিখ	১	২৪.০৪.১৯	০১.০৫.১৯		কেন্দ্রীয় ব্যাংক শাখা
	[১.২.২] মন্ত্রিসভায় নীতিগত অনুমোদনের জন্য প্রেরিত	তারিখ	১	০৯.০৫.১৯	১৬.০৫.১৯		কেন্দ্রীয় ব্যাংক শাখা
	[১.২.৩] ভেটিং এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরিত	তারিখ	১	২৩.০৫.১৯	৩০.০৫.১৯		কেন্দ্রীয় ব্যাংক শাখা
	[১.২.৪] মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরিত	তারিখ	১	২০.০৬.১৯	২৭.০৬.১৯		কেন্দ্রীয় ব্যাংক শাখা
[১.৩] মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ সংশোধন	[১.৩.১] গেজেটে প্রকাশিত	তারিখ	৩	১৭.০৩.১৯	১৫.০৪.১৯		কেন্দ্রীয় ব্যাংক শাখা
[১.৪] বীমা বিষয়ক বিধিমালা/প্রবিধানমালা জারি	[১.৪.১] গেজেটে প্রকাশিত	সংখ্যা	১০	৫	৪	৩	বীমা শাখা
[১.৫] বীমা কর্পোরেশন আইন প্রণয়ন	[১.৫.১] পুন: ভেটিং এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরিত	তারিখ	১	২১.০৪.১৯	২৮.০৪.১৯	১১.০৭.১৮	বীমা শাখা
	[১.৫.২] মন্ত্রিসভায় চুড়ান্ত অনুমোদনের জন্য প্রেরিত	তারিখ	১	০৫.০৫.১৯	২১.০৫.১৯	২৭.১১.১৮	বীমা শাখা
	[১.৫.৩] জাতীয় সংসদে প্রেরিত	তারিখ	১	১৬.০৬.১৯	২৫.০৬.১৯		বীমা শাখা
[২.১] স্টক এক্সচেঞ্জে স্বল্প মূলধনী কোম্পানীর প্লাটফরম চালুকরণ	[২.১.১] প্লাটফরম চালুকৃত	তারিখ	৪	৩১.০৩.১৯	১৫.০৪.১৯		বিএসইসি শাখা
[২.২] ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কোম্পানী প্রতিষ্ঠাকরণ	[২.২.১] কোম্পানী গঠিত	তারিখ	৪	৩১.০৩-১৯	২২.০৪-১৯		বিএসইসি শাখা
[২.৩] দেশব্যাপী ফাইন্যান্সিয়াল লিটারেসী কার্যক্রম বাস্তবায়ন	[২.৩.১] কার্যক্রমে অংশগ্রহণকারী	সংখ্যা	২	১৪৫০০	১৪১০০	৩৫২১	বিএসইসি শাখা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম-সম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯		অর্জন (জুলাই-ডিসেম্বর, ২০১৮)	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত শাখা
				অসাধারণ	অতি উত্তম		
				১০০%	৯০%		
[২.৪] মূলধন উত্তোলনের লক্ষে আইপিও/আরপিও/রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকরণ	[২.৪.১] আইপিও/আরপিও/রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকৃত	সংখ্যা	৩	১৭	১৬	১০টি	বিএসইসি শাখা
[২.৫] পুঁজিবাজারে নতুন বিনিয়োগ	[২.৫.১] বিনিয়োগের পরিমাণ	কোটি টাকায়	৩	৪৫৫০	৪৫০০	২৮৬৫	বিএসইসি শাখা
[২.৬] পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট বিষয়ক প্রশিক্ষণ	[২.৬.১] আয়োজিত প্রোগ্রাম	সংখ্যা	২	৩	২	১টি	বিএসইসি শাখা
[২.৭] সার্টিফিকেট কোর্স অন ক্যাপিটাল মার্কেট	[২.৭.১] আয়োজিত প্রোগ্রাম	সংখ্যা	২	১৫	১৪	১১টি	বিএসইসি শাখা
[২.৮] পুঁজিবাজারে বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ	[২.৮.১] প্রশিক্ষিত বিনিয়োগকারী	সংখ্যা	৩	১৪০০	১৩৫০	৭৫৬ জন	বিএসইসি শাখা
[৩.১] মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বার্ষিক লেনদেন	[৩.১.১] লেনদেনের পরিমাণ	টাকা (হাজার কোটি)	৩	৪১০	৩৯০	১৯১.৪৩	বাণিজ্যিক ব্যাংক শাখা
[৩.২] রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণ হ্রাসকরণ	[৩.২.১] শ্রেণিকৃত ঋণের হার হ্রাস	%	২	২৪.৫	২৫	২৯.৮%	বাণিজ্যিক ব্যাংক শাখা
[৩.৩] কৃষিঋণ বিতরণ	[৩.৩.১] বিতরণকৃত কৃষিঋণ	কোটি টাকা	৩	২১৪৪৫	২০৫০০	১০২৩১	বাণিজ্যিক ব্যাংক শাখা
[৩.৪] এসএমই ঋণ বিতরণ ও আদায়	[৩.৪.১] বিতরণকৃত এসএমই ঋণ	টাকা (হাজার কোটি)	২	১৬৪.৪১	১৬৩	৭৩.৮২	বাণিজ্যিক ব্যাংক শাখা
	[৩.৪.২] আদায়কৃত এসএমই ঋণ	টাকা (হাজার কোটি)	২	১৬১.৯৬	১৬০	৪৫.৪২	বাণিজ্যিক ব্যাংক শাখা
[৪.১] ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়	[৪.১.১] বিতরণকৃত ক্ষুদ্রঋণ	কোটি টাকা	৪	১২৫০০০	১২৩০০০	১৩২৯৫৯	এমআরএ শাখা
	[৪.১.২] আদায়যোগ্য ঋণ হতে আদায়ের হার	%	৩	৯৫	৮৫.৫	৯৪%	এমআরএ শাখা
[৪.২] এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি	[৪.২.১] সুবিধাভোগীর সংখ্যা	সংখ্যা (লক্ষ)	৩	৩১০	৩০৮	৩০৫	এমআরএ শাখা
[৫.১] বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান	[৫.১.১] প্রশিক্ষিত জনবল	সংখ্যা	৩	১১০০	১০৫০	৬০৯	বীমা শাখা
[৫.২] বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি	[৫.২.১] আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার	সংখ্যা	২	৮	৭	৪	বীমা শাখা
[৫.৩] National Social Insurance Scheme এর জন্য জরিপ কাজ সম্পন্নকরণ	[৫.৩.১] জরিপ প্রতিবেদন প্রকাশিত	তারিখ	১	১৫.০৪.১৯	২৮.০৪.১৯	প্রযোজ্য নয়	বীমা শাখা
মোট=			৭৫				

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম-সম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯		অর্জন (জুলাই-ডিসেম্বর, ২০১৮)	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত শাখা
				অসাধারণ	অতি উত্তম		
				১০০%	৯০%		
[১.১] মন্ত্রণালয়/ বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	[১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত	%	১	৮০	৭০	১০০%	আইসিটি সেল
	[১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত **	%	১	৫০	৪৫	৯০%	আইসিটি সেল
	[১.১.৩] ই-ফাইলে প্রত্র জারীকৃত ***	%	১	৪০	৩৫	১০০%	আইসিটি সেল
[১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা	[১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত	তারিখ	১	১৫.০১.১৯	১৭.০২.১৯	৩১.১২.১৮	আইসিটি সেল
[১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	[১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত	তারিখ	১	১১.০৩.১৯	১৮.০৩.১৯		আইসিটি সেল
[১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা	[১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত	তারিখ	০.৫	১০.০১.১৯	১৭.০১.১৯	০৭.০৮.১৮	প্রশাসন শাখা
	[১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি	%	০.৫	১০০	৯০	৭০%	প্রশাসন শাখা
[১.৫] সিটিজেনস চার্টার বাস্তবায়ন	[১.৫.১] হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা	%	১	৮০	৭৫	৮০%	প্রশাসন শাখা
	[১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১.১২.১৮	১৫.০১.১৯	৩০.১২.১৮	প্রশাসন শাখা
[১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	[১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত	%	০.৫	৯০	৮০	১০০%	শৃঙ্খলা শাখা
	[১.৬.২] অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ	%	০.৫	৯০	৮০	১০০%	শৃঙ্খলা শাখা
[১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা	[১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত	%	০.৫	১০০	৯০	১০০%	প্রশাসন শাখা
	[১.৭.২] ছুটি নগদায়ন পত্র জারীকৃত	%	০.৫	১০০	৯০	১০০%	প্রশাসন শাখা
[২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি	%	০.৫	৬০	৫৫	৮৫.৮০	অডিট শাখা
	[২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	০.৫	৫০	৪৫	৯.৪৬%	অডিট শাখা
[২.২] স্থাবর ও অস্থাবর	[২.২.১] স্থাবর	তারিখ	০.৫	০৩.০২.১৯	১৭.০২.১৯	প্রযোজ্য	গ্রহণ, বিতরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম-সম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯		অর্জন (জুলাই-ডিসেম্বর, ২০১৮)	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত শাখা
				অসাধারণ	অতি উত্তম		
				১০০%	৯০%		
সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	সম্পত্তির তালিকা হালনাগাদকৃত					নয়	ও সেবা শাখা
	[২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	০.৫	০৩.০২.১৯	১৭.০২.১৯	---	গ্রহণ, বিতরণ ও সেবা শাখা
[২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন	[২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত	সংখ্যা	০.৫	১	-	১	বাজেট শাখা
	[২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	০.৫	৪	৩	২	বাজেট শাখা
[২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	[২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত	%	২	১০০	৯৫	৬%	বাজেট শাখা
[২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত	%	০.৫	১০০	৯৫	৫০%	গ্রহণ, বিতরণ ও সেবা শাখা
[২.৬] অব্যবহৃত/ অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ	[২.৬.১] নিষ্পত্তিকৃত	%	০.৫	৮০	৭০	প্রযোজ্য নয়	গ্রহণ, বিতরণ ও সেবা শাখা
[২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা	[২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত	%	১	১০০	৯৫	প্রযোজ্য নয়	গ্রহণ, বিতরণ ও সেবা শাখা
[২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান	[২.৮.১] নিয়োগ প্রদানকৃত	%	১	৮০	৭০	চলমান	প্রশাসন শাখা
[৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন ****	[৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	বাণিজ্যিক অডিট শাখা
	[৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত	%	১	১০০	৯০	১০০%	বাণিজ্যিক অডিট শাখা
[৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[৩.২.১] মন্ত্রণালয়/ বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত	%	১	১০০	৯০	১০০%	আইসিটি সেল
[৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	[৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	১৫.১০.১৮	২৯.১০.১৮	৩০.০৪.১৮	প্রশাসন শাখা
[৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড	[৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত	তারিখ	০.৫	২৪.০৬.১৮	২৬.০৬.১৮	২১.০৬.১৮	বাজেট শাখা
[৪.২] ২০১৭-১৮	[৪.২.১] মূল্যায়ন	তারিখ	০.৫	১৯.০৮.১৮	২৭.০৮.১৮	১৬.০৮.১৮	বাজেট শাখা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্ম-সম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯		অর্জন (জুলাই-ডিসেম্বর, ২০১৮)	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত শাখা
				অসাধারণ	অতি উত্তম		
				১০০%	৯০%		
অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল	প্রতিবেদন দাখিলকৃত						
[৪.৩] দপ্তর/ সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান	[৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত	তারিখ	১	৩১.০১.১৯	০৭.০২.১৯		বাজেট শাখা
[৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	[৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময়	জন ঘণ্টা *	১	৬০	-	৫২	প্রশিক্ষণ শাখা
মোট=			২৫				